দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 9 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

128

# বিনামূল্যে পাঠ্যবই বিতরণ কার্যক্রম শুরু

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রামের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে গত রবিবার হইতে ১৯৯৯ শিক্ষাবর্ষের বিনা মূল্যের পাঠ্যবই বিতরণ কার্যক্রম শুরু হইয়াছে। চট্টগ্রাম বিভাগের প্রাথমিক শিক্ষার উপ-পরিচালক মোঃ মতিউর রহমান চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে সরকারী আদর্শ প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যের বই বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন। এ সময় চট্টগ্রাম জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ নূরুল আমিন চৌধুরী, থানা শিক্ষা অফিসার মোহাম্মদ এনামুল হক, সহকারী থানা শিক্ষা অফিসার সাধন চন্দ্র দাশ, বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুবল আচার্যসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরে কর্মকর্তাগণ কাতালগঞ্জ এবং এখলাছুর রহমান সরকারী প্রাথমিক বিদ্যালয়েও আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ করেন। আগামী কয়েক দিনের মধ্যে সকল শিক্ষার্থীর হাতে চলতি শিক্ষাবর্ষের বই পৌঁছানো সম্ভব হইবে বলিয়া জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সূত্রে জানা যায়।